

বৃন্দাবন

তারিখ

পূ

কনাম

ছাত্র বন্ধোভে রংপুর কারমাইকেল কলেজে সব ক্লাস বন্ধ

রংপুর প্রতিদিন

বিষ্ণু ছাত্রছাত্রীরা গতকাল বুধবার থেকে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের সব বিভাগের ক্লাস বন্ধ করে দিয়েছে। ফলে প্রায় ২০ হাজার ছাত্রছাত্রীর চাপ্পলামুখর ওই কলেজ খোলা থাকলেও কোন ক্লাস হয়নি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতবা আগামী ২৪ জুন 'দেশব্যাপী অনার্স পাট-৩ পরীক্ষার সময়সূচি পরিবর্তনের দাবিতে বিষ্ণু ছাত্রছাত্রীরা ক্লাস বন্ধ করে দিয়েছে বলে কলেজ কর্তৃপক্ষ জানিয়েছে।

গত কয়েক দিন থেকে কারমাইকেল বিশ্ববিদ্যালয়ের বিষ্ণু অনার্স পরীক্ষার্থী ছাত্রছাত্রীরা আন্দোলন চালিয়ে আসছে। তারা মহাসড়ক অবরোধ, কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ-সমাবেশ, ককটেল বিক্ষোভ ও জাংফুকের ঘটনা ঘটিয়ে তাদের আন্দোলন চালিয়ে আসছে।

গতকাল বুধবার ওই ছাত্রছাত্রীরা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ করে সব ক্লাস বন্ধ করে দেয়ার ঘোষণা দেয়। এরপর তারা সমাবেশ শেষে দল বেঁধে প্রতিটি বিভাগ ও ক্লাসরুম থেকে ছাত্রছাত্রী ও শিক্ষকদের বের করে দিয়ে অনির্দিষ্টকালের জন্য ক্লাস বন্ধ ঘোষণা করে। এ পরিস্থিতির মুখে শিক্ষকরাও গতকাল কোন ক্লাস নিতে যাননি। তবে কলেজের অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।